



১০০২৭. ০৩/০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের  
নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয়  
আইটি সিকিউরিটি  
www.cca.gov.bd



H/A.  
১০৩৭/২০২১.

নম্বর: ৫৬.০৩.০০০০.০০৩.০৫.০০৭.২১.৪৭

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৮

২৯ মে ২০২১

অফিস আদেশ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনস্থ ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয় কর্তৃক কিশোরীদের সাইবার অপরাধ ও নিরাপত্তা বিষয়ে সচেতন করা এবং এ সংক্রান্ত সহযোগিতা প্রদানের লক্ষ্যে একটি ওয়েব পোর্টাল “কন্যাকথা” উদ্ভাবন করা হয়েছে। এ পোর্টালে সাইবার অপরাধ বিষয়ে নানাবিধ তথ্য নিয়মিতভাবে আপলোড করা হয়। কিশোরীদের জন্য সহজ ভাষায় অডিও ভিজুয়াল কন্টেন্ট, সাইবার জগৎ সংক্রান্ত বিভিন্ন প্রশ্নোত্তর, কুইজ প্রতিযোগিতাসহ কেউ সাইবার অপরাধের শিকার হলে আইনি সাহায্যের জন্য বিভিন্ন সংস্থার যোগাযোগের ঠিকানা, ফোন ও ই-মেইল এড্রেস এ পোর্টালে দেওয়া আছে।

০২। “কন্যাকথা” ওয়েব পোর্টালে প্রবেশের লিংকঃ [www.cca.gov.bd](http://www.cca.gov.bd) —> অ্যাপস/ই-সার্ভিস মেনু —> “কন্যাকথা” সাব মেনু। আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উক্ত পোর্টালটি সময়ে সময়ে হালনাগাদ করা হচ্ছে। সেক্ষেত্রে “কন্যাকথা” পোর্টালটিকে আরও যুগোপযোগী করতে আপনার মূল্যবান পরামর্শ/মতামত একান্ত কাম্য।

০৩। এমতাবস্থায়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনস্থ ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয় কর্তৃক উদ্ভাবিত “কন্যাকথা” ওয়েব পোর্টালটির বহলভাবে প্রচারের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

২১০০৭২৩২১০৫৩১০০৭

৩০-৫-২০২১

আবু সাঈদ চৌধুরী

সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক  
(সিসিএ)



Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
রাঙ্গামাটি পার্বত্য জেলা  
(আইসিটি শাখা)  
www.rangamati.gov.bd



স্মারক নং- ০৫.৪২.৮৪০০.২১৬.০৫.০০৪.২১- ৫৪,

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ

০২ জুন ২০২১ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত পত্রের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- ০১। উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গামাটি সদর/ কাপ্তাই / কাউখালী/ রাজস্থলী / বাঘাইছড়ি / নানিয়ারচর/ লংগদু / বরকল/ জুরাছড়ি / বিলাইছড়ি উপজেলা, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ০২। উপ-পরিচালক, জেলা তথ্য অফিস, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ০৩। জেলা শিক্ষা অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ০৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা

(লাইলাতুল হোসেন)

সতকারী কমিশনার (আইসিটি)